

মেডিকেল ভর্তি পরীক্ষার ফল হতে পারে রোববার



ফাইল ফটো

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৭ জানুয়ারি ২০২৫ | ১৮:৪১



দেশে সরকারি-বেসরকারি মেডিকেল কলেজের চলতি ২০২৪-২৫ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা শুরুবার অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত ১৯টি কেন্দ্রের ৫৩টি ভেন্যুতে এ পরীক্ষা হয়। এ বছর ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে ১ লাখ ৩৫ হাজার ৬৬৫ শিক্ষার্থী। রোববার অথবা সোমবার এ পরীক্ষার ফল প্রকাশ করবে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক রংবীনা ইয়াসমীন সমকালকে বলেন, কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা ছাড়া সারাদেশে সুষ্ঠুভাবে মেডিকেল ভর্তি পরীক্ষা হয়েছে। ফলাফল তৈরির কাজ এরমধ্যে শুরু হয়েছে। আগামী রোববার অথবা সোমবার ফল প্রকাশ করা হতে পারে।

তিনি আরও বলেন, বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমঅ্যান্ডডিসি) ভর্তি নীতিমালা অনুসারে, দেশের সব সরকারি বা বেসরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ বা ডেন্টাল ইউনিটে ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সন্তান এবং সন্তানদের-সন্তানাদির ৫ শতাংশ কোটা এবং মোট আসনের ২ শতাংশ আসন সংরক্ষিত থাকবে।

এ দিন সকালে রাজধানীর ঢাকা রেসিডেন্সিয়াল কলেজ কেন্দ্র পরিদর্শনে যান স্বাস্থ্য উপদেষ্টা নুরজাহান বেগম। পরে তিনি সাংবাদিকদের বলেন, মেডিকেল কলেজে আসন বৃদ্ধি নয়, বরং সক্ষমতা বাড়াতে আরও শিক্ষক নিয়োগের ভাবনা রয়েছে সরকারের। প্রয়োজনে কলেজগুলোকে সমন্বয় করা হবে।

এ বছর এমবিবিএস ভর্তিতে আবেদন জমা পড়ে ১ লাখ ৩৫ হাজার ২৬১টি। কোটাসহ মেডিকেল মোট আসন ৫ হাজার ৩৮০টি। সেই হিসাবে একটি আসনের পরিবর্তে ২৫ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে। এ ছাড়া বেসরকারি ৬৭টি মেডিকেল কলেজে ৬ হাজার ২৯৩টি আসন রয়েছে।

মূল্যায়ন হবে ২০০ নম্বরে

এত দিন এইচএসসির ফলাফলে ১২৫ নম্বর ও এসএসসির ৭৫ নম্বরের সঙ্গে ১০০ নম্বরের এমসিকিউ- এই ৩০০ নম্বরের ভিত্তিতে মেধাতালিকা তৈরি করা হতো। তবে এবার এসএসসি ও এইচএসসির ফলাফলে সমান ৫০ নম্বর ধরা হয়েছে। সেই হিসাবে ২০০ নম্বরের ভিত্তিতে মেধাতালিকা তৈরি করা হবে।